2-8 (T) PSC

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা অনুবিভাগ
মনিটরিং-১ শাখা

নং-৩৩.০০.০০০০.১৩৯.১৪.০৪৫(৩).১৬-২৮৫

তারিখঃ ২৯ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর ২০২২ খ্রিঃ

## সভার নোটিশ

প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ২০২২-২০২৩ অর্থবছরের এডিপিভুক্ত ৪টি প্রকল্পের ওপর স্টিয়ারিং কমিটির সভা নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী অনুষ্ঠিত হবে। উপর্যুক্ত সভায় সভাপতিত্ব করবেন ড. নাহিদ রশীদ, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | তারিখ ও বার | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ১। | আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্টপুষ্টকরণ (১ম সংশোধিত) প্রকল্প | ১৮/১২/২০২২ রবিবার | সকাল ১০.০০ ঘটিকা | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৫১০-৫১২, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |
| ২। | সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আর্থ সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প | ১৮/১২/২০২২ রবিবার | সকাল ১০.৪৫ ঘটিকা | |
| ৩। | প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প | ১৮/১২/২০২২ রবিবার | বেলা ১১.৩০ ঘটিকা | |
| ৪। | প্রাণিসম্পদ অধিদপ্তরের সক্ষমতা জোরদারকরণ প্রকল্প | ১৮/১২/২০২২ রবিবার | দুপুর ১২.১৫ ঘটিকা | |

০২। সভার আলোচ্য সূচীঃ

(১) প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা;

(২) বিবিধ

০৩। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকা/ উপযুক্ত প্রতিনিধি প্রেরণ/ zoom Apps- এর মাধ্যমে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Meeting ID: 33 0000 1112
Password: mofl

14/12/2022
(ড. মোঃ আবদুল লতিফ)
উপসচিব
ফোনঃ ২২৩৩৫৪৮১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সভায় একজন উপযুক্ত প্রতিনিধির অংশগ্রহণের অনুরোধসহ)

২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
(সভায় একজন উপযুক্ত প্রতিনিধির অংশগ্রহণের অনুরোধসহ)

৩। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা।
(সভায় একজন উপযুক্ত প্রতিনিধির অংশগ্রহণের অনুরোধসহ)

৪। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলানগর, ঢাকা।
( সভায় একজন উপযুক্ত প্রতিনিধির অংশগ্রহণের অনুরোধসহ)

৫। সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা।
(সভায় একজন উপযুক্ত প্রতিনিধির অংশগ্রহণের অনুরোধসহ)

৬। অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।

৯। যুগ্মসচিব (পরিকল্পনা-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০। যুগ্মসচিব (পরিকল্পনা-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১। যুগ্মপ্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে-বাংলা নগর, ঢাকা।
( সভায় একজন উপযুক্ত প্রতিনিধির অংশগ্রহণের অনুরোধসহ)

১২। পরিচালক (পরিকল্পনা), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।

১৩। চিফ, পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।

১৪। প্রকল্প পরিচালক, আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্টপুষ্টকরণ (১ম সংশোধিত) প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
(সভার নোটিশসহ কার্যপত্র কমিটির সকল সদস্যের নিকট যথাসময়ে প্রেরণ ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত নিশ্চিত করার অনুরোধসহ)

১৫। প্রকল্প পরিচালক, সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আর্থ সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন শীর্ষক প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
(সভার নোটিশসহ কার্যপত্র কমিটির সকল সদস্যের নিকট যথাসময়ে প্রেরণ ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত নিশ্চিত করার অনুরোধসহ)

১৬। প্রকল্প পরিচালক, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প শীর্ষক প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
(সভার নোটিশসহ কার্যপত্র কমিটির সকল সদস্যের নিকট যথাসময়ে প্রেরণ ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত নিশ্চিত করার অনুরোধসহ)

১৭। প্রকল্প পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরের সক্ষমতা জোরদারকরণ প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
(সভার নোটিশসহ কার্যপত্র কমিটির সকল সদস্যের নিকট যথাসময়ে প্রেরণ ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত নিশ্চিত করার অনুরোধসহ)

১৮। সিনিয়র সহকারী সচিব (প্রাণিসম্পদ পরিকল্পনা-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

<u>সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ</u>

১। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(সম্মেলন কক্ষ ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

২। উপসচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(আমন্ত্রিত কর্মকর্তাদের সচিবালয়ে প্রবেশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।

৪। সিস্টেম এনালিষ্ট (আইসিটি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সভাটি Zoom Apps-এর মাধ্যমে আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৫। অফিস কপি।

১৪/০২/২০২২

(ড. মোঃ আবদুল লতিফ)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ পরিকল্পনা-২ শাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১৩৯.১৪.০৫৩.১৭(২য় অংশ)- ২৮

তারিখঃ ১৩ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর ২০২২ খ্রিঃ

**বিষয়ঃ "আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্টপুষ্টকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবিবরণী প্রেরণ।**

প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্টপুষ্টকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ওপর স্টিয়ারিং কমিটির ৩য় সভা ১৮/১২/২০২২ তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৩ (তিন) পৃষ্ঠা।

28/12/2022
(ড. মোঃ আবদুল লতিফ)
উপসচিব
ফোনঃ ২২৩৩৫৪৮১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(দৃঃ আঃ উপসচিব, বাজেট-২০)**।
২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে-বাংলানগর, ঢাকা।
৩। সদস্য (সচিব), কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলানগর, ঢাকা।
৪। সদস্য (সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলানগর, ঢাকা।
৫। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলানগর, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব (পরিকল্পনা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। যুগ্মসচিব (পরিকল্পনা-১/২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
১০। পরিচালক (পরিকল্পনা), প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
১১। চিফ, পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
১২। প্রকল্প পরিচালক, আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্টপুষ্টকরণ (১ম সংশোধিত) প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা। **(সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণের অনুরোধসহ)**

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ পরিকল্পনা-২ শাখা

বিষয়: "আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্ট-পুষ্টকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটি সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. নাহিদ রশীদ<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ১৮/১২/২০২২ তারিখ |
| স্থান | : | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| উপস্থিত কর্মকর্তা | : | পরিশিষ্ট-ক |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর আলোচ্যসূচী উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে সভাপতির অনুতিক্রমে আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্ট-পুষ্টকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে প্রকল্পের অগ্রগতি তুলে ধরেন। তিনি বলেন যে, প্রকল্পটি ১/১/২০১৯ হতে ৩১/১২/২০২২ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত এবং প্রকল্পের কার্যক্রম ৩১/১২/২০২২ তারিখে শেষ হবে। গত ৭/২/২০১৯তারিখ মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক প্রকল্পটি অনুমোদিত হয়। প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ছিল ৪২২২.৮৭ লক্ষ টাকা। প্রথম সংশোধনকালে প্রকল্পের ব্যয় ৪৭৭৫.৭৬ লক্ষ টাকায় উন্নীত করা হয়। চলতি অর্থ বছরে মোট বরাদ্দ ৭৪০.০০ লক্ষ টাকার মধ্যে নভম্বের/২০২২ পর্যন্ত ৫২৬.২৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে (৭১.১২%)। বাছাইকৃত সুফলভোগী ১১০৪৭৫ জন (১০০%)-এর মধ্যে ৯৮,০৩৫ জনকে প্রশিক্ষণসহ উপকরণ (কৃমি নাশক, ভিটামিন, ভ্যাক্সিন) বিতরণ করা হয়েছে (৮৯%), জনসচেনতা বৃদ্ধির লক্ষ্যে জাতীয় পর্যায়ে ও উপজেলা পর্যায়ে ৪৯১ টি কর্মশালা (১০০%) আয়োজন করা হয়েছে। তিনি আরও বলেন যে, ১৫/৬/২০২২ তারিখে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সুফলভোগীদের ডাটাবেজ প্রণয়নের কাজ চলমান রয়েছে যা সমাপ্ত করতে আরও ১০/১২ কার্য দিবস প্রয়োজন এবং গরুর খাবার হিসেবে ব্যবহৃত ইউরিয়া মিশ্রিত খাবার স্বাস্থ্যসম্মত কিনা -এতদসম্পর্কিত প্রাপ্ত তথ্যাদির উপযুক্ততা যাচাইকরে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

২। সভায় অতিরিক্ত সচিব (পরিকল্পনা) বলেন, প্রকল্পের কাজের অগ্রগতি ১০০% সম্পন্ন না হওয়া, দীর্ঘ সময় অতিক্রান্ত হলেও সুফল ভোগীদের ডাটাবেজ তৈরী না করা এবং ইউরিয়া মিশ্রিত গরুর খাবার মানবদেহে কি প্রতিক্রিয়া রয়েছে তার পরীক্ষা সম্পন্ন না করার বিষয়টি দুঃখজনক। তাই প্রকল্প সমাপ্তির পূর্বে অসমাপ্ত কাজগুলো সম্পন্ন করে এসকল তথ্য প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এ সংযুক্ত করার বিষয়ে মতামত ব্যক্ত করা হয়। যুগ্মসচিব (পরিকল্পনা-১) বলেন যে, সুফলভোগীদের প্রশিক্ষণ, মেডিসিন ও ভ্যাক্সিন বিতরণ, হেল্থ কার্ড বিতরণ, হে ও সাইলেজ তৈরী, ইউরিয়া মোলাসেস ফর্মুলা ইত্যাদি সংক্রান্ত প্রকল্পের গুরুত্বপূর্ণ সকল তথ্য প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করা হলে ভবিষ্যতে সুফলভোগীদের তথ্যের ভিত্তি প্রণীত হবে যা কার্যক্রমকে টেকসইকরণের জন্য কাজে লাগবে। সভাপতি উল্লেখ করেন যে, ইতোপূর্বে অনুষ্ঠিত psc এর সিদ্ধান্ত মন্ত্রণালয়কে

অপর পৃ:/২

অবহিত না করা এবং এ বিষয়ে প্রকল্প পরিচালকের প্রস্তুতি না থাকা সমীচীন নয়। পূর্ববর্তী স্টিয়ারিং কমিটি সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়নের তথ্যসহ প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত সার্বিক তথ্যের হালনাগাদ তথ্য নিয়ে সকল প্রকল্প পরিচালককে সভায় যোগদান করা উচিত।

৩। সভাপতি প্রকল্প পরিচালকের অসম্পূর্ণ তথ্য উপস্থাপনে অসন্তোষ প্রকাশ করে বলেন, স্টিয়ারিং কমিটির সভাটি খুবই গুরুত্বপূর্ণ তাই প্রকল্পের সকল তথ্য প্রমাণকসহ সভায় যোগদান করা সমীচীন। তিনি অতিরিক্ত সচিব (পরিকল্পনা) এবং যুগ্মসচিব (পরিকল্পনা-১)-এর বক্তব্যের সাথে একমত পোষণ করে বলেন যে, প্রকল্পের অবশিষ্ট কাজের অগ্রগতি এবং পূর্ববর্তী সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়নপূর্বক আগামী ১ (এক) মাসের মধ্যে পিসিআর-এ প্রদান করে প্রকল্পের তথ্যাদি প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করতে হবে।

৪। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয় :

ক) প্রকল্পের সুফলভোগীদের ডাটাবেজ জরুরী ভিত্তিতে তৈরীর কাজ সম্পন্ন করে ওয়েব সাইটে আপলোড করতে হবে;

খ) প্রকল্পের আওতায় গরু হৃষ্টপুষ্টকরণে গরুর খাবার হিসেবে ব্যবহৃত ইউরিয়া মিশ্রিত খাবার কতটুকু স্বাস্থ্যকর এবং মানবদেহে এর প্রতিক্রিয়া কী তা প্রাণিসম্পদ গবেষণা ইনিস্টিটউটের সাথে যোগাযোগ করে প্রাপ্ত ফলাফল মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

গ) উল্লিখিত ক এবং খ-এর তথ্যসহ প্রকল্পের অবশিষ্ট অন্যান্য কাজ সম্পন্ন করে বাস্তবায়নের সকল তথ্য পিসিআর-এ প্রদান করতে হবে;

খ) আগামী জানুয়ারি/২০২৩ মাসের মধ্যে প্রকল্পের সকল তথ্য সন্নিবেশ করে PCR মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১২/২২

(ড. নাহিদ রশীদ)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা অনুবিভাগ
প্রাণিসম্পদ পরিকল্পনা-১ শাখা

সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের ৪র্থ স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : ড. নাহিদ রশীদ<br>সচিব |
| সভার তারিখ | : ১৮ ডিসেম্বর ২০২২ খ্রি: |
| সময় | : সকাল ১০.৪৫ ঘটিকা। |
| স্থান | : সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |

**সভায় উপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট – 'ক'**

**২.০. উপস্থাপনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (পরিকল্পনা) জনাব মোঃ আব্দুল কাইয়ুম প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আহবানের উদ্দেশ্য তুলে ধরে বলেন সমন্বিত পদ্ধতিতে প্রাণিসম্পদ উৎপাদন ব্যবহারের মাধ্যমে সমতল অঞ্চলের অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আমিষের চাহিদা পূরণ এবং কর্মসংস্থনের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও জীবন মান উন্নয়নের লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক ৩৫২০৩.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৯ হতে জুন ২০২৩ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়। অতিরিক্ত সচিব (পরিকল্পনা) প্রকল্পের সার্বিক অগ্রগতি বিস্তারিতভাবে উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালক ড.অসীম কুমার দাস-কে অনুরোধ জানান। প্রকল্প পরিচালক বলেন, ইতোমধ্যে প্রকল্পটির বাস্তবায়নকাল ০৩ বছর ০৩ মাস অতিক্রান্ত (প্রাক্কলিত মেয়াদের ৮৪ %) হয়েছে এবং শুরু থেকে এ পর্যন্ত অর্থ বরাদ্দের পরিমাণ মাত্র ১০৭৩৩.০০ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৩০.০৪ %। তিনি উল্লেখ করেন, প্রকল্পের অনুমোদিত ডিপিপির সংস্থান অনুযায়ী দেশের ২৯ টি জেলার ২১০টি উপজেলার ১,৩৭,৯৭৬ (এক লক্ষ সাতত্রিশ হাজার নয়শত ছিয়াত্তর) সুফলভোগী খামারীকে ৪টি অঞ্চলে যথাঃ- মধ্যাঞ্চল, উত্তর পূর্বাঞ্চল, উত্তর পশ্চিমাঞ্চল ও উপকূলীয় দক্ষিণাঞ্চলে বিভক্ত করে মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয়ের পরিমাণ ৯২২০.১২ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ২৬.১৯ %। চলতি অর্থ বছরে প্রকল্পের অনুকূলে বরাদ্দ দেয়া হয়েছে মাত্র ৩০০০.০০ লক্ষ টাকা এবং নভেম্বর/২২ পর্যন্ত ব্যয় হয়েছে ১৪৯২.৩৮ লক্ষ টাকা।

০৩.আলোচনা:

৩.১. প্রকল্প পরিচালক সভায় উল্লেখ করেন যে এ প্রকল্পের আওতায় উল্লেখযোগ্য কার্যক্রম হলো সুফলভোগী খামারীদের মাঝে অনুদান হিসেবে বিতরণের জন্য ৭টি প্রজাতির গবাদি প্রাণি যথাঃ- ক্রসব্রীড হেইফার গরু, ছাগল, ভেড়া, উন্নতজাতের গরু, হাঁস, মহিষ ও দেশী মুরগী এবং এ সকল প্রাণীগুলোর জন্য আপদকালীন সময়ে ৩ মাসের জন্য খাদ্য ও ঔষধ সরবরাহ করা। প্রকল্পের আওতায় ২০১৯-২০, ২০২০-২১ এবং ২০২১-২২ অর্থবছরে ইতোমধ্যে অনুদান হিসেবে ৬৯১৪ জন সুফলভোগী খামারীদের মাঝে ক্রসব্রীড হেইফার, ৭০০৯ পরিবারের মাঝে ০২ টি করে ভেড়া, ভেড়ার গৃহ নির্মাণ উপকরণ এবং আপদকালীন খাদ্য সহায়তা হিসাবে ০৩ মাসের দানাদার খাদ্য বিতরণ করা হয়েছে। উপকরণ বিতরণের পাশাপাশি প্যাকেজ ভিত্তিক ৪১১১০ জন সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদান, মনিটরিং কার্যক্রম সফলতার সাথে সম্পন্ন হয়েছে। এরই ধারাবাহিকতা বজায় রেখে ২০২২-২৩ অর্থবছরে ইতিমধ্যে ভেড়া প্যাকেজের আওতায় ৩২৬৯ জন সুফলভোগী পরিবারের মাঝে ০২ টি করে ভেড়া, ২৭ কেজি দানাদার খাদ্য ও ভেড়ার গৃহ নির্মাণ উপকরণ, ঔষধ বিতরণ সম্পন্ন হয়েছে। সভায় এ প্রকল্পের মাঠ পর্যায়ের বাস্তবায়ন কার্যক্রম এর সংগৃহীত চিত্র পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করা হলে উপস্থিত সকলে এ প্রকল্পের মাঠ পর্যায়ের বাস্তবায়ন কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন এবং প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়ন সম্পন্নের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।

৩.২. সভায় প্রকল্প পরিচালক বলেন, ইতোমধ্যে প্রকল্পটির বাস্তবায়নকাল মেয়াদের ৮৪ % অতিক্রম হলেও প্রকল্পের অনুকূলে শুরু থেকে এ পর্যন্ত অর্থ বরাদ্দের মোট পরিমাণ ১০৭৩৩.০০ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের মাত্র ৩০.০৪ %। তিনি উল্লেখ করেন, প্রকল্পে অর্থ বরাদ্দের অপ্রতুলতার কারণে নির্ধারিত সময়ে প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব হবে না। প্রকল্প পরিচালক কর্তৃক সভায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধির প্রস্তাব করা হলে প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়নের সুপারিশের আলোকে প্রকল্প সংশোধনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

৪.০. বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৪.১. এ প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে;

৪.২. মধ্যবর্তী মূল্যায়নের সুপারিশের আলোকে প্রকল্প সংশোধনের প্রস্তাব করা যেতে পারে।

০৫. আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭/০৭/২২
(ড. নাহিদ রশীদ)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা অনুবিভাগ
প্রাণিসম্পদ পরিকল্পনা-১ শাখা

**প্রাণিসম্পদ অধিদপ্তরের "প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর'' শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবিবরণী**

সভাপতি : ড. নাহিদ রশীদ
সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সভার তারিখ : ১৮ ডিসেম্বর ২০২২ খ্রি:
সময় : সকাল ১১.৩০ ঘটিকা।
স্থান : সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

**সভায় উপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট – 'ক'**

**২.০. উপস্থাপনা :**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (পরিকল্পনা) জনাব মোঃ আব্দুল কাইয়ুম প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আহবানের উদ্দেশ্য তুলে ধরে বলেন, খামারী পর্যায়ে উচ্চ ফলনশীল উন্নত জাতের ঘাস চাষ প্রদর্শনী প্লট স্থাপন,বিজ্ঞানসম্মত ও আধুনিক পদ্ধতিতে কাঁচা ঘাস সংরক্ষণের জন্য প্রযুক্তি (সাইলেজ ও হে) হস্তান্তর এবং প্রান্তিক, ক্ষুদ্র ও মাঝারী খামারীকে প্রাণিপুষ্টি সংক্রান্ত আধুনিক পদ্ধতি ও কৌশল বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মধ্যমে দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক প্রকল্পটি ১১৭৪৯.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী ২০২১ হতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়। অতিরিক্ত সচিব (পরিকল্পনা) প্রকল্পের সার্বিক অগ্রগতি বিস্তারিতভাবে উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালক জনাব মোঃ আমজাদ হোসেন ভূঞা-কে অনুরোধ জানান। প্রকল্প পরিচালক বলেন ইতোমধ্যে প্রকল্পটির বাস্তবায়নকাল ০১বছর ১১ মাস অতিক্রান্ত (প্রাক্কলিত মেয়াদের ৪৯%) হয়েছে এবং শুরু থেকে এ পর্যন্ত অর্থ বরাদ্দের পরিমাণ ১৩৭২ লক্ষ টাকা এবং এ পর্যন্ত ব্যয় ৪১৮.৩৪ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৩.৫৬%। চলতি অর্থ বছরে প্রকল্পের অনুকূলে বরাদ্দ দেয়া হয়েছে মাত্র ৫৮৬.০০ লক্ষ টাকা।

**০৩.আলোচনা:**

৩.১. সভায় উল্লেখ করা হয় প্রকল্পটির বাস্তবায়নকাল প্রাক্কলিত মেয়াদের ৪৯% অতিক্রান্ত হলেও এ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় প্রাক্কলিত ব্যয়ের মাত্র ৩.৫৬%। সভায় প্রকল্পের অগ্রগতি সন্তোষজনক না হওয়ায় অসন্তোষ প্রকাশ করা হয়। প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিতকরণে এ প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে প্রাপ্ত বরাদ্দ যথাযথভাবে ব্যবহার অনুমোদিত সময় ভিত্তিক কর্মপরিকল্পনা মোতাবেক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করার জন্য সভায় অভিমত ব্যক্ত করা হয়। সভাপতি প্রকল্পটির কার্যক্রম দ্রুত বাস্তবায়নের জন্য বরাদ্দ বৃদ্ধির বিষয়ে গুরুত্বারোপ করেন।

৩.২. সভায় ২য় স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ডেইরী ফার্মসমূহের ঘাস চাষ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকায় একটি নলকূপ স্থাপনের অগ্রগতির বিষয়ে জানতে চাওয়া হলে প্রকল্প পরিচালক সভা-কে অবহিত করেন যে গভীর নলকূপ স্থাপনের জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে, টেস্ট বোরিং এবং নমুনা বিশ্লেষণপূর্বক নলকূপের নকশা প্রণয়ন ও পানির গুনগতমান নির্ণয় করার জন্য বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এ নমুনা প্ররণ করা হয়েছে।

৩.৩. সভায় প্রকল্প পরিচালক কর্তৃক এ প্রকল্পের কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (সিইএ) দের ভাতা প্রদানের জন্য আরএডিপিতে অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হলে এ বিষয়ে জনাব হোসেন আহমেদ, উপ সচিব, অর্থ মন্ত্রণালয় সভাকে অবহিত করেন যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের কয়েকটি প্রকল্পের ভাতাদির ক্ষেত্রে ডিপিপিতে সঠিকভাবে কোড বিন্যাস করা হয়নি। ইতোমধ্যে এই প্রকল্পের ডিপিপিতে উল্লিখিত সিইএ-দের ভাতাদি ৩২৫৭২০৬ সম্মানী কোডের বরাদ্দকৃত অর্থ ৩২১১১০৯ শ্রমিক মজুরি/সাকুল্য বেতন কোড হতে ব্যয় মেটানোর জন্য ১০/১১/২০২২ খ্রি: তারিখে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি প্রদান করা হয়েছে। আইএমইডি প্রতিনিধি ভাতাদি বরাদ্দের পাশাপাশি প্রকল্পের মূল কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দ রাখার বিষয়ে আলোকপাত করেন।

৩.৪. প্রকল্প পরিচালক সভায় বলেন প্রকল্পের আওতায় ৪৭৫টি উপজেলায় কার্যক্রম চলমান রয়েছে এবং ৪৬৬টি উপজেলায় ৪৬৬ জন্য সিইএ নিয়োজিত রয়েছেন। সিইএ-গণের কার্যক্রম মনিটরিং করার জন্য ডিপিপির সংস্থান মোতাবেক একজন মনিটরিং অফিসার জরুরী ভিত্তিতে প্রয়োজন। তিনি আরো উল্লেখ করেন প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম সঠিকভাবে সম্পাদনে প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতায় ইতোপূর্বে বাস্তবায়িত ঘাস চাষ প্রকল্পে ব্যবহৃত ঢাকা মেট্রো ঘ- ১৫-৬৬৪৮ নং গাড়ীটি এ প্রকল্পে হস্তান্তরের বিষয়ে ডিপিপিতে উল্লেখ রয়েছে যা অদ্যাবধি পাওয়া যায়নি। প্রকল্পে মনিটরিং অফিসার নিয়োগ ও উল্লিখিত গাড়ীটি প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে উল্লেখ থাকায় প্রকল্পের কাজ গতিশীল করার জন্য প্রাণিসম্পদ অধিদপ্তরের একজন ৬ষ্ঠ গ্রেডের কর্মকর্তাকে এ প্রকল্পে মনিটরিং অফিসার হিসেবে পদায়ন এবং ঢাকা মেট্রো ঘ- ১৫-৬৬৪৮ নং গাড়ীটি প্রকল্পে হস্তান্তর করার জন্য মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরের-কে নির্দেশনা প্রদানে সভায় একমত পোষণ করা হয়।

৪.০. বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

৪.১. এ প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে প্রাপ্ত বরাদ্দ যথাযথভাবে বাস্তবায়নে অনুমোদিত সময় ভিত্তিক কর্মপরিকল্পনা ও বার্ষিক ক্রয় পরিকল্পনা মোতাবেক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

৪.২. আরএডিপি বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব করতে হবে;

৪.৩. কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (সিইএ) দের ভাতাদি ৩২১১১০৯ শ্রমিক মজুরি/সাকুল্য বেতন কোড হতে ব্যয় করতে হবে এবং প্রকল্প সংশোধনের মাধ্যমে উপর্যুক্ত কোড ডিপিপিতে উল্লেখ করতে হবে;

৪.৪. প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্তকরণে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে এবং প্রকল্পের সংস্থান অনুযায়ী একজন ৬ষ্ঠ গ্রেডের কর্মকর্তাকে প্রেষণে প্রদায়ন এবং প্রকল্পের ডিপিপিতে সংস্থানকৃত যানবাহন প্রকল্পে ন্যস্ত করতে হবে।

০৫. আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০১/০৭/২৫

(ড. নাহিদ রশীদ)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা অনুবিভাগ
মনিটরিং-১ শাখা

নং-৩৩.০০.০০০০.১৪২.১৪.০১৮.১৯-৩০২

তারিখঃ ১৪ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর ২০২২ খ্রিঃ

বিষয়ঃ প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "প্রাণিসম্পদ অধিদপ্তরের সক্ষমতা জোরদারকরণ" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবিবরণী প্রেরণ।

প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "প্রাণিসম্পদ অধিদপ্তরের সক্ষমতা জোরদারকরণ" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভা গত ১৮/১২/২০২২ খ্রি. তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

২৯/১২/২০২২
(ড. মোঃ আবদুল লতিফ)
উপসচিব
ফোনঃ ২২৩৩৫৪৮১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
৮। যুগ্মসচিব (পরিকল্পনা-১/২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। যুগ্মপ্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
১০। পরিচালক (পরিকল্পনা), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
১১। চীফ, পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
১২। প্রকল্প পরিচালক, "প্রাণিসম্পদ অধিদপ্তরের সক্ষমতা জোরদারকরণ" শীর্ষক প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা। **(সভার কার্যবিবরণী কমিটির সকল সদস্যের নিকট যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ)**

সদয় অবগতির অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা অনুবিভাগ
মনিটরিং-১ শাখা

**প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "প্রাণিসম্পদ অধিদপ্তরের সক্ষমতা জোরদারকরণ" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. নাহিদ রশীদ<br>সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১৮/১২/ ২০২২ খ্রি. |
| সময় | : | বেলা ১২.১৫ ঘটিকা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা: **পরিশিষ্ট-"ক"**

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পরিচিতি পর্ব শেষে সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (পরিকল্পনা), মোঃ আব্দুল কাইয়ুম প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "প্রাণিসম্পদ অধিদপ্তরের সক্ষমতা জোরদারকরণ" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভার প্রেক্ষাপট তুলে ধরেন। অতঃপর তিনি এ মন্ত্রণালয়ের উপসচিব (মনিটরিং-১) ড. মোঃ আবদুল লতিফ-কে আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপনের জন্য আহবান জানান। উপসচিব (মনিটরিং-১) প্রকল্পের উদ্দেশ্য, প্রধান প্রধান কার্যক্রম এবং আর্থিক ও খাত ভিত্তিক অগ্রগতি উল্লেখ করে বলেন গত ৩১/১২/২০১৯ তারিখে একনেক কর্তৃক অনুমিত ২২০.৫৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় সম্বলিত প্রকল্পটি জানুয়ারি/২০২০ হতে জুন/২০২৩ মেয়াদে দেশের ৬৪ জেলায় বাস্তবায়ন করা হচ্ছে। এ প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থবছরে এডিপি ৫৯.৬০ কোটি টাকা বরাদ্দ রয়েছে এবং নভেম্বর ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ১.৮৪ কোটি টাকা; যা বরাদ্দের ৪.৬৩% এবং ক্রমপুঞ্জিত ব্যয় ১৭.১১ কোটি টাকা; যা প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের ৭.৮৫% ।

৩। সভায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নংঃ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | সভায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পটি ৩১ ডিসেম্বর, ২০১৯-এ অনুমোদিত হওয়ার পর ০২ বছর ১১মাস অতিক্রান্ত হয়েছে অর্থাৎ প্রাক্কলিত মেয়াদের ৮৩.৩৩% অতিক্রান্ত হলেও প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি মাত্র ৭.৪৫%। এ বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে জানান, প্রকল্প অনুমোদনের পর করোনা মহামারী চলমান থাকায় প্রকল্পের প্রাথমিক পর্যায়ের কার্যক্রম বাস্তবায়ন করা সম্ভব না হওয়ায় প্রকল্পের ক্রমপুঞ্জিত অগ্রগতি কাঙ্ক্ষিত মাত্রায় অর্জিত হয়নি। তিনি আরও জানান যে, প্রকল্পের বিভিন্ন অঙ্গের ভিত্তিমূলক কাজ ইতোমধ্যে সম্পন্ন | ১.১. প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে (এডিপি) বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>১.২. জেলা পর্যায়ে পূর্ত কাজের (Vertical/Horizontal & |

| ক্রঃ নংঃ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|
| | করা হয়েছে। তিনি উল্লেখ করেন, বর্তমানে জেলা পর্যায়ে পূর্ত কাজের (Vertical/Horizontal & boundary wall) ক্ষেত্রে গণপূর্ত বিভাগ হতে যে সকল ভবনের ছাড়পত্র পাওয়া গেছে এবং কয়েকটির আপত্তি থাকায় টেন্ডার কার্যক্রম করা সম্ভব হচ্ছে না। সভায় প্রকল্পের অগ্রগতি সন্তোষজনক না হওয়ায় অসন্তোষ প্রকাশ করা হয় এবং প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিতকরণে গুরুত্বারোপ করা হয়। | boundary wall) ক্ষেত্রে গণপূর্ত বিভাগ হতে যে সকল ভবনের ছাড়পত্র পাওয়া গেছে সে কয়টির টেন্ডার প্রক্রিয়া শুরু করা যেতে পারে। |
| ২। | প্রকল্প পরিচালক সভাকে জানান প্রকল্পের আওতায় অনুমোদিত ডিপিপিতে পূর্তকাজের টেন্ডারের ক্ষেত্রে রেট সিডিউল-২০১৮ উল্লেখ রয়েছে। তবে পূর্তকাজের (Civil Works, Electro Mechanical Works, retrofitting) জন্য ২১/০৬/২০২২ তারিখে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক গণপূর্ত অধিদপ্তরের দর তফসিল (Schedule of Rates)-২০২২ জারী করা হয়েছে। এ প্রেক্ষিতে, তিনি পূর্তকাজের টেন্ডারের ক্ষেত্রে রেট সিডিউল ২০১৮ এর পরিবর্তে রেট সিডিউল ২০২২ অনুযায়ী করা প্রয়োজন মর্মে মতামত ব্যক্ত করেন। এছাড়া, তিনি প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনে ১ বছর মেয়াদ বৃদ্ধিকরণ এবং ডিপিপিতে নানা ধরনের ভুলত্রুটি থাকায় তা সংশোধনের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে জানান। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি সভায় উল্লেখ করেন কোনক্রমেই প্রকল্পের ঘটনাত্তোর অনুমোদন (Post Facto Approval) দেওয়া যাবে না। এ পর্যায়ে, সভায় বিদ্যমান ডিপিপি সংশোধনসহ অন্ত:খাত সমন্বয়পূর্বক ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ এক বছর বৃদ্ধি করা যেতে পারে মর্মে একমত পোষণ করা হয়। | ২.১. প্রকল্পের কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিতকরণ এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে (এডিপি) বরাদ্দকৃত অর্থ যুক্তিযুক্তভাবে ব্যবহার বিবেচনায় পূর্তকাজের টেন্ডারের ক্ষেত্রে রেট সিডিউল ২০১৮ এর পরিবর্তে রেট সিডিউল ২০২২ অনুযায়ী করা যেতে পারে।<br>২.২. প্রকল্পটি যথাযথভাবে বাস্তবায়নে বিদ্যমান ডিপিপি সংশোধনসহ আন্ত:খাত সমন্বয়পূর্বক ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ এক বছর বৃদ্ধি করা যেতে পারে। |
| ৩। | সভায় বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)-এর প্রতিনিধি উল্লেখ করেন এ প্রকল্পের মাঠ পর্যায়ের বাস্তবায়ন কার্যক্রম (উপজেলা প্রাণিসম্পদ দপ্তর) পরিদর্শনে দেখা যায় প্রকল্পের আওতায় সরবরাহকৃত পর্দা এবং টেবিল Demand/Need based না হওয়ার কারণে যথাযথভাবে ব্যবহার করা সম্ভব হচ্ছে না। প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী চাহিদা এবং এর প্রায়োগিকতা বিবেচনায় মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী চাহিদা এবং এর প্রায়োগিকতা বিবেচনায় মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। |

০৪। আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/১২/২২

(ড. নাহিদ রশীদ)
সচিব

জরুরী

*ফ্যাক্স/ই-মেইল/বিশেষ বাহক মারফত*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ পরিকল্পনা-১ শাখা
www.mofl.gov.bd

স্মারক নং- ৩৩.০০.০০০০.১৩৯.৯৯.০০১.২১-**১২৩**

তারিখঃ ২২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০২২ খ্রিঃ

# সভার নোটিশ

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ওপর স্টিয়ারিং কমিটি'র সভা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. নাহিদ রশীদ।

| প্রকল্পের নাম | তারিখ ও বার | সময় | স্থান |
|---|---|---|---|
| ১. জুনোসিস এবং আন্তঃসীমান্তীয় প্রাণিরোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ গবেষণা প্রকল্প | ০৯/১১/২০২২ খ্রিঃ বুধবার | সকাল ০৯.৩০ ঘটিকা | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১০-৫১২, ভবন নং-৬), বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| ২. ব্ল্যাক বেঙ্গল ছাগলের জাত সংরক্ষণ ও উন্নয়ন গবেষণা প্রকল্প | | দুপুর ১০.৩০ ঘটিকা | |
| ৩. পোল্ট্রি গবেষণা ও উন্নয়ন জোরদারকরণ প্রকল্প | | বেলা ১১.৩০ ঘটিকা | |

০২। উক্ত সভায় সদস্যবৃন্দ-কে যথাসময়ে উপস্থিত/Zoom Apps এর মাধ্যমে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Meeting ID-3300001112
Password- mofl

০৭/১১/২০২২
(ড. মোঃ আবদুল লতিফ)
উপসচিব
ফোনঃ ০২-২২৩৩৮০৩৭১

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(দৃঃ আঃ উপসচিব, বাজেট-২০)।**
২। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলানগর, ঢাকা **(দৃঃ আঃ মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক)।**
৩। সদস্য (সচিব), কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা। **(প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)**
৪। সদস্য (সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা **(প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।**
৫। সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই বাংলানগর, ঢাকা **(প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।**
৬। সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই বাংলানগর, ঢাকা। **(এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)**
৭। অতিরিক্ত সচিব (পরিকল্পনা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। যুগ্মসচিব (পরিকল্পনা-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। যুগ্মসচিব (পরিকল্পনা-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
১২। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই), সাভার, ঢাকা।
১৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান (প্রশিক্ষণ পরিকল্পনা ও প্রযুক্তি পরীক্ষণ বিভাগ), বিএলআরআই, সাভার, ঢাকা।
১৪। প্রকল্প পরিচালক, পোল্ট্রি গবেষণা ও উন্নয়ন জোরদারকরণ (বিশেষ সংশোধিত) প্রকল্প, বিএলআরআই, সাভার, ঢাকা। **(সভার নোটিশ ও কার্যপত্র সংশ্লিষ্ট সকলকে প্রেরণ এবং পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ সভায় উপস্থিত থাকার অনুরোধসহ)**
১৫। প্রকল্প পরিচালক, জুনোসিস এবং আন্তঃসীমান্তীয় প্রাণিরোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ গবেষণা প্রকল্প, বিএলআরআই, সাভার, ঢাকা। **(সভার নোটিশ ও কার্যপত্র সংশ্লিষ্ট সকলকে প্রেরণ এবং পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ সভায় উপস্থিত থাকার অনুরোধসহ)**
১৬। প্রকল্প পরিচালক, ব্ল্যাক বেঙ্গল ছাগলের জাত সংরক্ষণ ও উন্নয়ন গবেষণা প্রকল্প, বিএলআরআই, সাভার, ঢাকা। **(সভার নোটিশ ও কার্যপত্র সংশ্লিষ্ট সকলকে প্রেরণ এবং পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ সভায় উপস্থিত থাকার অনুরোধসহ)**

স্মারক নং- ৩৩.০০.০০০০.১৩৯.৯৯.০০১.২১-**১২৩**

তারিখঃ ২২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০২২ খ্রিঃ

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। উপসচিব (প্রশাসন-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**(মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ ব্যবহারের অনুমতি প্রদানের অনুরোধসহ)**

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সিস্টেম এনালিষ্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**(সভাটি Zoom Apps-এর মাধ্যমে আয়োজন ও নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**

৪। অফিস কপি।

07/11/2022
(ড. মোঃ আবদুল লতিফ)
উপসচিব
ফোনঃ ০২-২২৩৩৮০৩৭১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ পরিকল্পনা-১ শাখা
www.mofl.gov.bd

**বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়নাধী "জুনোসিস এবং আন্তঃসীমান্তীয় প্রাণিরোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ গবেষণা" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : ড. নাহিদ রশীদ<br>সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : ০৯ নভেম্বর ২০২২ খ্রিঃ |
| সময় | : সকাল ০৯.৩০ ঘটিকা |
| স্থান | : সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট 'ক'।

**২.০ উপস্থাপনা ও আলোচনা**

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (পরিকল্পনা) আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক-কে আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য অনুরোধ করেন। প্রকল্প পরিচালক বলেন, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) কর্তৃক বাস্তবায়নাধীন আলোচ্য প্রকল্পটি ১৫০৪২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৯ হতে জুন ২০২৪ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। বর্ণিত প্রকল্পের অনুকূলে এ পর্যন্ত বরাদ্দ প্রদান করা হয়েছে ৩১১৮.০০ লক্ষ টাকা এবং ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে বরাদ্দ প্রদান করা হয়েছে ১০০.০০ লক্ষ টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক উল্লেখ করেন অক্টোবর ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২১৩৬.৬৪ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ১৪.২০%। সভাপতি প্রকল্পের অগ্রগতি আশানুরূপ না হওয়ার কারণ জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্প পরিচালক নিয়োগ, কোভিড-১৯ অতিমারির দরুণ নিম্ন ক্যাটিগরিভূক্ত হওয়া এবং আলোচ্য প্রকল্পের মূল নির্মাণ কাজ বিএসএল-৩ গবেষণাগার স্থাপন বিষয়ক গঠিত কমিটির সুপারিশ সংবলিত প্রতিবেদন প্রাপ্তি ইত্যাদি কারণে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি আশানুরোপ হয়নি। সভাপতি নির্ধারিত সময়সীমার মধ্যে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন হবে কী-না সে বিষয়ে উদ্বেগ প্রকাশ করেন এবং প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

২.২ প্রকল্প পরিচালক আলোচ্য প্রকল্পের আওতায় গৃহীত গবেষণা কার্যক্রমসমূহের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, প্রকল্পটির আওতায় ৬ টি ভ্যাকসিন সিড (LSD, Avian influenza subtype H9N2, Goat pox, Fowl cholera, multivalent coccidial vaccine এবং Infectious Bronchitis Disease) উদ্ভাবনের কাজ চলমান রয়েছে। তন্মধ্যে LSD ভ্যাকসিন সিড উদ্ভাবনের লক্ষ্যে তিনটি পৃথক cell line এ Attenuation এর কার্যক্রম চলমান রয়েছে এবং ৪৫টি প্যাসেজ সাফল্যের সাথে সম্পন্ন করা হয়েছে। আগামী জুন ২০২৩ মাসের মধ্যে কার্যকরী LSD vaccine seed উদ্ভাবনের বিষয়ে সভাকে আশ্বস্ত করেন। এছাড়া, আগামী ডিসেম্বর ২০২৩ খ্রি. মেয়াদে Avian influenza subtype H9N2, Goat pox ও Fowl cholera ভ্যাক্সিন সিড উদ্ভাবন করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। জুনোটিক ও আন্তঃসীমান্তীয় প্রাণিরোগ প্রতিরোধকল্পে One Health Approach, WOAH কর্তৃক প্রণীত জুনোটিক ও আন্তঃসীমান্তীয় প্রাণিরোগসমূহের তালিকা এবং দেশীয় প্রেক্ষাপট

বিবেচনা করে একটি অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা হয়েছে এবং LSD ও Avian Influenza এর out-break ভিত্তিক জরিপ কার্যক্রম চলমান রয়েছে মর্মে উল্লেখ করেন। সভাপতি, প্রকল্পের উদ্দেশ্য যথাযথভাবে বাস্তবায়নের স্বার্থে প্রতিশ্রুত প্রযুক্তি/প্যাকেজসমূহের তালিকা প্রণয়ন ও এর সময়াবদ্ধ পরিকল্পনা দ্রুততর সময়ে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। সেই সাথে LSD ভ্যাক্সিন উদ্ভাবন সংক্রান্ত গৃহীত কার্যক্রম ও অগ্রগতি সম্বলিত একটি প্রতিবেদন দাখিল করার জন্য প্রকল্প পরিচালক কে নির্দেশ দেন।

২.৩ অতিরিক্ত সচিব (পরিকল্পনা) বিএসএল-৩ ল্যাবরেটরি নির্মাণ বিষয়ে আলোচনা করেন এবং তা টেকসইকরণের জন্য দক্ষ জনবলের অপরিহার্যতা সভায় ব্যক্ত করেন। এ প্রেক্ষিতে প্রকল্প পরিচালক বলেন যে, বিএসএল-৩ গবেষণাগার নির্মাণের লক্ষ্যে এর ড্রইং-ডিজাইন প্রণয়ন ও বিএসএল-৩ এবং এবিএসএল-৩ গবেষণাগারের সুযোগ সুবিধা সংযোজনের কাজ তদারকির নিমিত্ত ইঞ্জিনিয়ারিং কনসালটেন্সি ফার্ম নির্বাচনের জন্য ইতোমধ্যে আগ্রহ ব্যক্তকরণ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে এবং প্রাপ্ত আবেদনগুলো মূল্যায়নের মাধ্যমে একটি সংক্ষিপ্ত তালিকা প্রণয়নের কাজ চলমান রয়েছে। তবে আলোচ্য প্রকল্পের ডিপিপিতে আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র আহবানের উল্লেখ থাকলেও এ কাজে প্রকল্পের বরাদ্দ স্থানীয় মুদ্রায় সংস্থান রাখা হয়। ফলে স্থানীয় মুদ্রায় সংস্থানকৃত অর্থের সমপরিমাণ অর্থ বৈদেশিক মুদ্রায় সমন্বয়ের প্রয়োজন রয়েছে মর্মে উল্লেখ করেন। এ প্রসঙ্গে যুগ্মসচিব (পরিকল্পনা-১) বিগত এডিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি সংশোধনের প্রয়োজন বলে সভায় অবহিত করেন। বিএসএল-৩ টেকসইকরণ বিষয়ে প্রকল্প পরিচালক বলেন যে, বিএসএল-৩ গবেষণাগারের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে গঠিত কারিগরি কমিটি একটি পৃথক জনবল কাঠামোর সুপারিশ করেছে এবং প্রশাসনিক মন্ত্রণালয় উক্ত সুপারিশটি বাস্তবায়নের জন্য মহাপরিচালক, বিএলআরআই কে নির্দেশনা প্রদান করেছে। সভাপতি, সংশোধিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব দ্রুত এ মন্ত্রণালয়ে প্রেরণ এবং বিএসএল-৩ গবেষণাগারটি টেকসইকরণের লক্ষ্যে গঠিত কারিগরি কমিটির সুপারিশের আলোকে পৃথক জনবল কাঠামোর প্রস্তাব প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

**৩.০ বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।**

৩.১ প্রকল্পের উদ্দেশ্য যথাযথভাবে বাস্তবায়নের স্বার্থে প্রতিশ্রুত প্রযুক্তিসমূহের তালিকা প্রণয়ন ও এর সময়াবদ্ধ পরিকল্পনা যথা সময়ে প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে;

৩.২ বিএসএল-৩ গবেষণাগার টেকসইকরণের লক্ষ্যে গঠিত কারিগরি কমিটির সুপারিশের আলোকে পৃথক জনবল কাঠামোর প্রস্তাবনা আগামী ৪ (চার) সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য বিএলআরআই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

৩.৩ LSD ভ্যাক্সিন উদ্ভাবন সংক্রান্ত গৃহীত কার্যক্রম ও এর অগ্রগতি সম্বলিত একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে;

৩.৪ প্রাক্কলিত ব্যয় বিবেচনায় নিয়ে বৈদেশিক মূদ্রায় তার সংস্থান রেখে সংশোধিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/১১/২২

(ড. নাহিদ রশীদ)
সচিব

গণপ্রজানত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ পরিকল্পনা-১ শাখা
www.mofl.gov.bd

**বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের "ব্ল্যাক বেঙ্গল ছাগলের জাত সংরক্ষণ ও উন্নয়ন গবেষণা (আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়কৃত)" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র ৩য় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : ড. নাহিদ রশীদ<br>সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : ০৯ নভেম্বর ২০২২ খ্রিঃ |
| সময় | : সকাল ১০.৩০ ঘটিকা |
| স্থান | : সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট 'ক'।

**২.০ উপস্থাপনা ও আলোচনা**

২.১ সভাপতি সভাকক্ষে উপস্থিত ও Zoom Apps-এর মাধ্যমে সভায় যোগদানকৃত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (পরিকল্পনা) প্রকল্প স্টিয়ারিং কমিটি সভা আহ্বানের উদ্দেশ্য তুলে ধরে বিস্তারিত উপস্থাপনের জন্য যুগ্মসচিব (পরিকল্পনা-১)-কে অনুরোধ জানান। যুগ্মসচিব (পরিকল্পনা-১) বলেন প্রকল্পটির বাস্তবায়নকাল জুলাই ২০১৯ হতে জুন ২০২৩ পর্যন্ত এবং প্রাক্কলিত ব্যয় ৩১৩২.০০ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থ বছরে প্রকল্পের অনুকূলে এডিপি তে বরাদ্দ রয়েছে ১১০০.০০ লক্ষ টাকা; তন্মধ্যে অক্টোবর ২০২২ পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি এডিপি বরাদ্দের ৬.৫৮% এবং ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৭৬৪.০৪ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৫৬.৩২%। সভা আহবানের উদ্দেশ্য ও আলোচ্যসূচী উল্লেখপূর্বক ব্ল্যাক বেঙ্গল ছাগলের জাত সংরক্ষণ ও উন্নয়ন গবেষণা" শীর্ষক প্রকল্পের বিষয়ে বিস্তারিত উপস্থাপনের জন্য তিনি প্রকল্প পরিচালককে অনুরোধ জানান।

২.২ প্রকল্প পরিচালক সভায় আলোচ্য প্রকল্পের আওতায় মূল কার্যক্রমসমূহ বিস্তারিত উপস্থাপন করেন। সভাপতি প্রকল্পের আওতায় গৃহীত গবেষণা কার্যক্রমের বর্তমান অগ্রগতি বিষয়ে জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের গবেষণার আওতায় ব্ল্যাক বেঙ্গল ছাগলের গায়ের রংয়ের উপর ভিত্তি করে অধিক উৎপাদনশীল পাঁচটি টাইপ (সম্পূর্ণ কালো, সম্পূর্ণ সাদা, টোগেনবার্গ, ডাচ বেল্ট ও বাদামী) চিহ্নিত করে সিলেক্টিভ ব্রিডিং এর মাধ্যমে উৎপাদনশীলতা বাড়ানো হয়েছে। এদের দুধ উৎপাদন সক্ষমতা ১ লিটার ও বছরে ২ বার ও ৩টি করে বাচ্চা দিবে এবং দুধের অভাবে বাচ্চা মারা যাবে না এই লক্ষ্য অর্জনে ব্রিডিং কার্যক্রম নিয়ে গবেষণা চলমান রয়েছে। সভাপতি লক্ষ্য অর্জনে গবেষণা কার্যক্রম ত্বরান্বিত করার জন্য নির্দেশনা প্রদান করে এবং প্রকল্প মেয়াদে সম্পন্ন করার ওপর গুরুত্বারোপ করেন।

২.৩ প্রকল্প পরিচালক বলেন, অনুমোদিত ডিপিপি-তে দুগ্ধ ও বাচ্চা উৎপাদন ক্ষমতা জীন চিহ্নিত ও ছাগলের টাইপ তৈরী কৌশল, এডভান্স ব্রিডিং ডাটা মেনেজমেন্ট কৌশল, প্রাণী পুষ্টি বিষয়ক আধুনিক ল্যাবরেটরী কলাকৌশল ও ডিজিজ রেজিটেন্স জীন চিহ্নিতকরণ ও ছাগলের টাইপ তৈরী কৌশল বিষয়ক ০৪ (চার) জন বিজ্ঞানীর ৬০ দিন মেয়াদী বিশেষায়িত বৈদেশিক প্রশিক্ষণের সংস্থান রয়েছে। উক্ত প্রশিক্ষণ প্রকল্প সংশ্লিষ্ট গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন এবং বিএলআরআই এর ভবিষ্যৎ গবেষণা সক্ষমতা বৃদ্ধিতে খুবই গুরুত্বপূর্ণ। সভায় আইএমইডি প্রতিনিধি এ বিষয়ে আইএমইডি এর সুপারিশ বিবেচনার জন্য অনুরোধ করেন। তাছাড়া প্রকল্পের আওতায় ২১দিন মেয়াদে ০৪ ব্যাচে ১২ জন বিজ্ঞানীর বৈদেশিক প্রশিক্ষণের সংস্থান রয়েছে। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট ১২ জন বিজ্ঞানীর বৈদেশিক প্রশিক্ষণ প্রদান খুবই জরুরী। বিশেষায়িত বৈদেশিক প্রশিক্ষণ ও সংশ্লিষ্ট বিজ্ঞানীদের বৈদেশিক প্রশিক্ষণের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ পরিপত্র অনুসরণপূর্বক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের বিষয়ে মতামত ব্যক্ত করা হয় সভায় অন্যান্য প্রতিনিধিরাও এ বিষয়ে একমত পোষণ করেন।

২.৪ ইতোমধ্যে আলোচ্য প্রকল্পের বাস্তাবায়নকাল ৩ বছর ৪ মাস অতিবাহিত হওয়ায় অদ্যাবধি প্রকল্প মূল্যায়ন না হওয়ায় সভাপতি প্রকল্প মূল্যায়নের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করে মূল্যায়ন কার্যক্রম সম্পাদনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করেন।

**৩.০ বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

৩.১ প্রকল্পের গবেষণা কার্যক্রমসহ অসমাপ্ত কার্যক্রম প্রকল্প মেয়াদে সম্পন্ন করতে হবে;

৩.২ প্রকল্পে বিশেষায়িত বৈদেশিক প্রশিক্ষণ ও সংশ্লিষ্ট বিজ্ঞানীদের বৈদেশিক প্রশিক্ষণের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ পরিপত্র অনুসরণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৩.৩ বাস্তবায়নকারী সংস্থা প্রকল্প মূল্যায়নের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/১১/২২

(ড. নাহিদ রশীদ)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ পরিকল্পনা-১ শাখা
www.mofl.gov.bd

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) কর্তৃক বাস্তবায়নাধীন "পোল্ট্রি গবেষণা ও উন্নয়ন জোরদারকরণ (বিশেষ সংশোধিত)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৫ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : ড. নাহিদ রশীদ<br>সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : ০৯/১১/২০২২ খ্রি. |
| সময় | : সকাল ১১:৩০ ঘটিকা |
| স্থান | : সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |

**সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকাঃ পরিশিষ্ট-ক**

**২.০ উপস্থাপনা ও আলোচনা:**

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (পরিকল্পনা) প্রকল্পের ৫ম স্টিয়ারিং কমিটির সভায় সরাসরি ও জুম প্লাটফর্মে উপস্থিত সকলের পরিচিত প্রদানের জন্য অনুরোধ করেন। এরপর মন্ত্রণালয়ের যুগ্মসচিব (পরিকল্পনা-১) স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম ও সভার প্রেক্ষাপট তুলে ধরেন। তিনি প্রকল্প পরিচালককে আলোচ্যসূচী অনুযায়ী প্রকল্পের অগ্রগতি উপস্থাপনের আহ্বান জানান। প্রকল্প পরিচালক প্রকল্পের উদ্দেশ্য, প্রধান প্রধান কার্যক্রম, বাস্তবায়ন অগ্রগতি ও প্রকল্প বাস্তবায়নে অসুবিধাসমূহ উপস্থাপন করেন।

২.২ প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে সর্বমোট ১২৭৮৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪ মেয়াদে গত ১৬/০৬/২০১৯ খ্রিঃ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। বর্তমানে ৪র্থ অর্থবছর (২০২২-২৩) চলমান। বিগত অর্থবছ সমূহে ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে প্রকল্পে এডিপি বরাদ্দ ছিল যথাক্রমে ২৮০৩.০০ লক্ষ টাকা, ১৬৯২.০০ লক্ষ টাকা এবং ২০০০.০০ লক্ষ টাকা। উক্ত ৩ অর্থবছরে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৬২৫৮.৪০ লক্ষ টাকা, যা প্রাক্কলিত ব্যয়ের ৪৮.৯৫%। এছাড়া, চলতি অর্থবছরে (২০২২-২৩) প্রকল্পের এডিপি বরাদ্দ ২০০০.০০ লক্ষ টাকা। উক্ত বরাদ্দ হতে অক্টোবর/২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ১৬৯.০১ লক্ষ টাকা, যা এডিপি বরাদ্দের ৮.৪৫%। তিনি আরও জানান যে, পরিকল্পিত গবেষণা কার্যক্রমের মধ্যে ১২টি সাব গবেষণা কার্যক্রম চলতি অর্থবছরে (২০২২-২৩) চলমান আছে। আগামী ০১ অর্থবছরে অবশিষ্ট গবেষণা কার্যক্রমগুলো কারিগরি কমিটির সাথে আলোচনা করে 'পোল্ট্রি রিসার্চ সেন্টার'-এর বিজ্ঞানী ও প্রকল্পের আওতায় নিয়োজিত রিচার্জ ফেলোদের নিয়ে সম্পাদন করা হবে। গবেষণা ক্ষেত্র বিবেচনায় রেখে বিভাগীয় বিজ্ঞানীগণ গবেষণা কাজ সম্পাদন করবে। গবেষণা কাজগুলো সঠিকভাবে পরিচালিত হচ্ছে কিনা তা প্রকল্পে নিয়োজিত গবেষণা পরামর্শকদের সাথে আলোচনা করে বাস্তবায়ন করা হয়।

২.৩ প্রকল্প পরিচালক নির্মাণ কাজের বিষয়ে উল্লেখ করেন, ইতোমধ্যে প্রকল্পের আওতায় বিএলআরআই এর মূল কেন্দ্রে অফিস (২য় তলা) ও ল্যাব বিল্ডিং (৩য় তলা) এর উলম্ব সম্প্রসারণের কাজ ১০০% সম্পন্ন হয়েছে। বিএলআরআই, আঞ্চলিক কেন্দ্র, গোদাগাড়ী, রাজশাহী'তে ০৩ টি পোল্ট্রি সেড (ব্রুডিং, গ্রোয়িং এবং লেয়িং) নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। তিনি আরও জানান, সৈয়দপুর, নীলফামারীতে আঞ্চলিক কেন্দ্রের বাউন্ডারি ওয়াল নির্মাণে অনুমোদিত ডিপিপির বরাদ্দের চেয়ে অতিরিক্ত

বরাদ্দ প্রয়োজন। উল্লিখিত বাউন্ডারি ওয়ালের কাজ সম্পন্ন করতে অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য ডিপিপি সংশোধন প্রয়োজন বলে প্রকল্প পরিচালক উল্লেখ করেন। প্রকল্প পরিচালক জানান, গত ২৮/১২/২০২১ খ্রিঃ অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভায় ডিপিপি সংশোধনের পরামর্শ প্রদান করা হয়। এ প্রেক্ষিতে সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে তিনি উল্লেখ করেন। এ পর্যায়ে যুগ্মসচিব (পরিকল্পনা-১) বলেন, সংশোধিত ডিপিপি পরীক্ষান্তে উপস্থাপন করা হবে। এছাড়াও প্রকল্পের উদ্দেশ্যসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রকল্পের সময়সীমা ১ বছর বৃদ্ধি করা প্রয়োজন বলেও প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন।

২.৪ প্রকল্প পরিচালক আরও জানান, প্রকল্পের আঞ্চলিক কেন্দ্র সৈয়দপুর, নীলফামারীতে ভূমি উন্নয়নের কাজ চলমান রয়েছে, যার বাস্তবায়ন অগ্রগতি ৯৩%। এ পর্যায়ে সভাপতি সৈয়দপুরে ভূমি উন্নয়ন কাজ দ্রুত সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন।

২.৫ প্রকল্প পরিচালক সভায় আরও জানান, অর্থ মন্ত্রণালয় হতে জারিকৃত পরিপত্র অনুসারে উন্নয়ন প্রকল্প সমাপ্তির ২ বছর পূর্বে জনবল সৃজন প্রক্রিয়া ও প্রকল্প সমাপ্তির ১ বছর পূর্বে জনবল নিয়োগ প্রক্রিয়া শুরু করতে হবে, উল্লেখ থাকায় দ্রুত পদক্ষেপ নেওয়া প্রয়োজন। সে প্রেক্ষিতে বিএলআরআই, পোল্ট্রি রিসার্চ সেন্টারের কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে প্রস্তাবিত প্রয়োজনীয় জনবলের পদ সৃজন করা প্রয়োজন।

**৩.০ বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

৩.১ প্রকল্পের আওতায় সৈয়দপুরে অবশিষ্ট বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে অতিরিক্ত বরাদ্দের সঠিক প্রাক্কলন সংশোধিত ডিপিপিতে অন্তর্ভুক্ত করতে হবে;

৩.২ সৈয়দপুরে ভূমি উন্নয়ন কাজ আগামী ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে সম্পন্ন করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

৩.৩ চলতি অর্থবছরের (২০২২-২৩) কর্মপরিকল্পনা অনুযায়ী গবেষণা কার্যক্রমের অগ্রগতি পরবর্তী পিএসসি সভায় উপস্থাপন করতে হবে;

৩.৪ বিএলআরআই এর আঞ্চলিক "পোল্ট্রি রিসার্চ সেন্টার (পিআরসি)" এর কার্যক্রম অব্যাহত রাখতে প্রয়োজনীয় জনবল সৃজনের পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং

৩.৫ বিএলআরআই হতে প্রাপ্ত সংশোধিত ডিপিপি প্রক্রিয়াকরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১১/২২

ড. নাহিদ রশীদ
সচিব

2.8

মুজিব

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**পরিকল্পনা ও মূল্যায়ণ উইং**
**মৎস্য পরিকল্পনা-২ শাখা**

**বিষয়ঃ** মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত বাস্তবায়ন প্রতিবেদন ও প্রমাণক দাখিল প্রসঙ্গে।

সূত্রঃ অত্র মন্ত্রণালয়ের প্রশাসন-৩ শাখার পত্র নং-৩৩.০০.০০০০.১০৯.০৬.০১২.২২-২১২; তারিখ-০৫/০৪/২০২৩খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সংস্থার উন্নয়ন প্রকল্প সংশ্লিষ্ট ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল তৃতীয় ত্রৈমাসিক প্রমাণকসহ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্ত যথাযথ বাস্তবায়নপূর্বক সংশ্লিষ্ট প্রমাণক হিসেবে নিম্নোক্ত তথ্যাদি প্রদান করা হলোঃ

১। প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা আয়োজনের টার্গেট মোট ১৫টি হিসেবে ১ম ও ২য় কোয়ার্টারে মোট ৩০টি সভা অনুষ্ঠিত হয়েছে কিন্তু ৩য় কোয়ার্টারে স্টিয়ারিং কমিটির কোন সভা অনুষ্ঠিত হয়নি।

৯/04/2023

(রুবাইয়াৎ ফেরদৌসী)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ২২২৩৩৮১৬৭৭

উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা)
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

---

ইউ.ও নোট নং-৩৩.০০.০০০০.১৩৬.১৪.০১৮.২১-৭১ তারিখঃ ০৯/০৪/২০২৩